জামায়াতের ২৪ ঘণ্টার হরতাল চলছে

ঢাকা অফিস: বাংলাদেশ জামায়াতে
ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর
মৃত্যুদণ্ড কার্যকরের প্রতিবাদে
ডাকা দেশব্যাপি হরতাল পালন করছে
দলটি। বৃহস্পতিবার সকাল ৫টায় শুরু
হয়েছে এ হরতাল। হরতাল চলবে
শুক্রবার সকাল ৫টা পর্যন্ত।

তবে হাসপাতাল, অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ও সংবাদপত্রের সঙ্গে সংশ্লিষ্ট গাড়ি এবং ওষুধের দোকান হরতালের আওতামুক্ত থাকবে।

মঙ্গলবার রাত ১২টা ১০ মিনিটে ঢাকা কেন্দ্রীয় কারাগারে নিজামীর ফাঁসি কার্যকরের ঠিক আধা ঘণ্টা পরেই হরতালসহ তিনটি কর্মসূচি দিয়ে গণমাধ্যমে বিবৃতি পাঠায় জামায়াত।

বিবৃতিতে জামায়াত জানায়, ‘মাওলানা মতিউর রহমান নিজামীকে পরিকল্পিতভাবে হত্যা করার প্রতিবাদে এই কর্মসূচি দেয়া হয়েছে।’

এদিকে হরতালকে কেন্দ্র করে রাজধানীর বিভিন্ন স্থানে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

ডিএমপির অতিরিক্ত কমিশনার শেখ মারুফ হাসান বলেন, ‘বৃহস্পতিবার জামায়াত হরতাল ডেকেছে। হরতালকে কেন্দ্র করে যাতে কোনো অরাজক পরিস্থিতি সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রাখা হয়েছে। জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনী প্রস্তুত রয়েছে।’